“ইসলাম অপরিচিত অবস্থাতে শুরু হয়েছে, আর অচিরেই তা অপরিচিত হয়ে যাবে, যেভাবে তা শুরু হয়েছিল। সুতরাং অপরিচিতদের জন্য সুসংবাদ।”

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “ইসলাম অপরিচিত অবস্থাতে শুরু হয়েছে, আর অচিরেই তা অপরিচিত হয়ে যাবে, যেভাবে তা শুরু হয়েছিল। সুতরাং অপরিচিতদের জন্য সুসংবাদ।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: ইসলাম শুরু হয়েছিল অপরিচিত ও বিচ্ছিন্নভাবে, কিছু সংখ্যক মানুষের মধ্যে এবং এর অনুসারী সংখ্যা ছিল কম। আর তা আবার অপরিচিত ও বিচ্ছিন্নভাবে ফিরে আসবে, যেভাবে শুরু হয়েছিল, এবং তখনও এর অনুসারী সংখ্যা কম হবে। সুতরাং, এই অপরিচিত লোকদের জন্য আনন্দ ও সুসংবাদ, এবং তাদের জন্য রয়েছে চোখের শীতলতা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/66219